

Official Spokesperson's response to media queries on remarks by Pakistani Prime Minister in Gilgit today regarding his government's decision to accord "provisional provincial status" to the so-called "Gilgit-Baltistan"

November 01, 2020

আজ গিলগিটে পাকিস্তানের প্রধানমন্ত্রীর তথাকথিত " গিলগিট-বাল্টিস্তান"-কে পাকিস্তানের সরকারের " অস্থায়ী প্রাদেশিক স্বীকৃতি" দেওয়ার সিদ্ধান্তের মন্তব্যের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

নভেম্বর 01, 2020

আজ গিলগিটে পাকিস্তানের প্রধানমন্ত্রীর তথাকথিত " গিলগিট-বাল্টিস্তান"-কে পাকিস্তানের সরকারের " অস্থায়ী প্রাদেশিক স্বীকৃতি" দেওয়ার সিদ্ধান্তের মন্তব্যের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অনুবাগ শ্রীবাস্তব বলেছেন:

" পাকিস্তান দ্বারা বেআইনি এবং বলপূর্বক অধিকৃত ভারতের ভূখন্ডের বস্তুগত পরিবর্তন করার পাকিস্তানের প্রচেষ্টাকে ভারত সরকার সম্পূর্ণভাবে নাস্যাৎ করে। আমি আবারও উল্লেখ করছি যে, 1947 সালে জম্মু ও কাশ্মীরের আইনগত, সামগ্রিক এবং অপরিবর্তনীয় ভাবে ভারতে অন্তর্ভুক্তির অধিকারের দ্বারা , তথাকথিত "গিলগিট-বাল্টিস্তান" সহ কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীর এবং লাদাখ ভারতের একটি অবিচ্ছেদ্য অংশ। বেআইনিভাবে এবং বলপূর্বক দখল করে রাখা এই অঞ্চলের উপরে পাকিস্তান সরকারের কোনরকমের হস্তক্ষেপের অধিকার নেই। পাকিস্তানের এই ধরনের প্রচেষ্টা হল, বেআইনি অধিকারের অতীষ্ট লক্ষ্য পূরণের জন্য ছল করা। পাকিস্তানের এই প্রচেষ্টা, পাকিস্তান অধিকৃত অঞ্চলের বসবাসকারি জনগণের উপরে গত সাতদশক ধরে মানবাধিকার লঙ্ঘন, এবং শোষণ ও স্বাধীনতা হরণকে আড়াল করে রাখতে পারে না। আমরা পাকিস্তানকে জানিয়েছি যে, ভারতের এই ভূখন্ডের অবস্থাগত পরিবর্তন করার ইচ্ছার বদলে তারা যেন এখনি বেআইনি ভাবে দখল করে রাখা অঞ্চলকে সম্পূর্ণ রূপে খালি করে দেয়।"

নিউ দিল্লি

নভেম্বর 01, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.